



৭০ হাজারের বেশি প্রবাসী ভোটারের পোস্টাল ব্যালট নিবন্ধন সম্পন্ন



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে এ পর্যন্ত ৭০,৬৬০ প্রবাসী বাংলাদেশি নিবন্ধন করেছেন। এদের মধ্যে ৫৯,৫১০ জন পুরুষ এবং ১১,১৫০ জন নারী ভোটার। শুক্রবার (২৮ নভেম্বর) বেলা সাড়ে ১১টা পর্যন্ত এই নিবন্ধন বিডি অ্যাপের মাধ্যমে সম্পন্ন হয়েছে।

দেশভিত্তিক হিসেবে যুক্তরাষ্ট্রে ১৪,২৩৬, দক্ষিণ কোরিয়ায় ৯,০৭৫, কানাডায় ৭,৮৭, জাপানে ৬,৪৫২, অস্ট্রেলিয়ায় ৬,০২৭ এবং দক্ষিণ আফ্রিকায় ৪,৪৮০ প্রবাসী ভোটার রয়েছেন। প্রথমবারের মতো চালু হওয়া পোস্টাল ভোট বিডি অ্যাপে ঠিকানা ভুলের কারণে সৌদি আরবসহ সাতটি দেশে নিবন্ধন সাময়িকভাবে স্থগিত ছিল। তবে নির্বাচন কমিশন আশা করছে, আজকের মধ্যে এই কার্যক্রম পুনরায় চালু হবে।

ইসি সচিবালয়ের পরিচালক মো. রুহুল আমিন মল্লিক জানান, বিশ্বব্যাপী প্রবাসী ভোটাররা এখন যেকোনো দেশে অ্যাপের মাধ্যমে নিবন্ধন করতে পারবেন। প্রক্রিয়াটি ২৭ নভেম্বর রাত ১২টা ১ মিনিট থেকে ১৮ ডিসেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত চলবে। পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে হলে প্রবাসীকে সেই দেশের মোবাইল নম্বর ব্যবহার করতে হবে।

নিবন্ধনের জন্য প্রথমে গুগল প্লে স্টোর বা অ্যাপ স্টোর থেকে 'পোস্টাল ভোট বিডি' অ্যাপ ডাউনলোড করতে হবে। ব্যবহারকারী বাংলা বা ইংরেজি ভাষা নির্বাচন করে প্রয়োজনীয় কাগজপত্র ও ঠিকানা সঠিকভাবে প্রদান নিশ্চিত করলে বিদেশ থেকে ব্যালট প্রাপ্তি নিশ্চিত হবে।